

Total number of printed pages = 7

**63 (FY)SEM-3/AEC/BENAEC2012**

**2024**

**BENGALI**

Paper : BENAEC2012

**(Functional Bengali-3)**

Full Marks : 50

Pass Marks : 20

Time : Two hours

**The figures in the margin indicate  
full marks for the questions.**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো :

১×৫=৫

ক) লেখা তৈরী হওয়া থেকে ছাপা হওয়া পর্যন্ত কয়টি স্তর  
আছে?

i) তিনটি।

ii) চারটি।

iii) পাঁচটি।

iv) ছয়টি।

খ) হরফের × দৈর্ঘ্য × প্রস্থ কাকে বলে?

- i) এম।
- ii) সাইজ।
- iii) ইউনিট।
- iv) পাইকার।

গ) হাতে লেখা যে রচনা প্রেসে পাঠানো হয়, ছাপাখানার জগতে তার চলতি নাম কী?

- i) মেজার।
- ii) ম্যাটার।
- iii) কপি।
- iv) প্রফ।

ঘ) হরফের পরিমাপ বোঝানোর জন্য কোন্ শব্দ ব্যবহার করা হয়?

- i) পয়েন্ট।
- ii) মেজার।
- iii) কম্পোজ।
- iv) টাইপ।

ঙ) ইনট্রো হচ্ছে খবরের ----- অনুচ্ছেদ? (শূন্যস্থান পূর্ণ করো।)

- i) চতুর্থ।
- ii) তৃতীয়।
- iii) দ্বিতীয়।
- iv) প্রথম।

২। সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো পাঁচটি)  $২ \times ৫ = ১০$

- ক) হট কম্পোজিশন কাকে বলে?
- খ) কোল্ড কম্পোজিশন কাকে বলে?
- গ) বড় হাতের অক্ষরে কম্পোজ ও ছোট হাতের হরফে কম্পোজ – এই দুটি নির্দেশের জন্য কোন্ কোন্ চিহ্ন ব্যবহার করা হয়?
- ঘ) প্রফ সংশোধনের কাজ চলার সময় কমা, উদ্ধৃতি চিহ্নসহ সবকিছু পড়ার দায়িত্ব কার? প্রফ সংশোধনের কাজটি কে করেন?
- ঙ) প্রফের ক্ষেত্রে দুটি সাধারণ ত্রুটির উল্লেখ করো।
- চ) প্রফের ভুল-ত্রুটি সংশোধনের শেষ ধাপ কোন্টি? এই ধাপে যিনি সংশোধনের কাজ করেন তাঁকে কী বলা হয়?

ছ) ডানদিকের মার্জিন ঘেঁসে অনুচ্ছেদ সাজানো এবং বাঁদিকের মার্জিন ঘেঁসে অনুচ্ছেদ সাজানো এই দুটি ক্ষেত্রে কোন চিহ্নগুলি ব্যবহৃত হয়?

৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৫ = ২৫$

- ক) কম্পোজিটর ও অপারেটরের পার্থক্য নির্ণয় করো।
- খ) প্রফরিডারের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আলোচনা করো।
- গ) গ্যালি প্রফ কাকে বলে?
- ঘ) একটি লেখা তৈরী হওয়া থেকে পত্রিকায় ছাপা হওয়া পর্যন্ত স্তরগুলি সম্পর্কে আলোচনা করো।
- ঙ) প্রফ সংশোধনের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করো।
- চ) পণ্ডিতবিন্যাস সম্পর্কিত যে-কোনো পাঁচটি সংশোধনী নির্দেশ লেখো ও তাদের চিহ্নগুলো উল্লেখ করো।
- ছ) প্রফ সংশোধনের বিরামচিহ্নের ব্যবহারজনিত ত্রুটির সম্বন্ধে একটি আলোচনা প্রস্তুত করো।
- জ) পত্রিকা এবং থম্বের দ্বিতীয়বার দেখার ক্ষেত্রে সুবিধা-অসুবিধা সম্বন্ধে আলোচনা করো।

৪। নিম্নলিখিত রচনাংশটির প্রফ সংশোধন কপি তৈরি করো।

$১০ \times ১ = ১০$

মূল পাণ্ডুলিপি :

চশমা-আঁটা পণ্ডিতে কয়, শিশুর দেহ দেখে  
“হাড়ের পরে মাংস গেঁথে, চামড়া দিয়ে ঢেকে,  
শিরার মাঝে রক্ত দিয়ে, ফুসফুসেতে বায়ু,  
বাঁধল দেহ সুঠাম করে পেশী এবং স্নায়ু।”  
কবি বলেন, “শিশুর মুখে হেরি তরুণ রবি,  
উৎসারিত আনন্দে তার জাগে জগৎ ছবি।  
হাসিতে তার চাঁদের আলো, পাখির কলকল,  
অশ্রু-কণা ফুলের দলে শিশির ঢলঢল।”

অসংশোধিত প্রফ :

চশমা আঁটা পণ্ডিতে কয়, শিশুর দেহ দেখে—  
“হাড়ের পরে মাংস গেঁথে, চামড়া দিয়ে ঢেকে  
সিরার মাঝে রক্ত দিয়ে, ফুসফুসেতে বায়ু,  
বাঁধল দেহ সুঠাম করে করে পেশী এবং স্নায়ু।”  
কবে বলেন, শিশুর মুখে হেরি তরুণ রবি,  
উৎসারিত আনন্দে তার জাগে জগৎ ছবি।  
হাসিতে তার চাঁদের আলো, খিপার কলকল,  
অশ্রু-কণা ফুলের দলে শিশির ঢলঢল।”

(ত্রুটির স্থানগুলো নির্দেশ করে মার্জিনে উপযুক্ত সংশোধনী চিহ্ন দাও।)

## অথবা

নিম্নলিখিত গদ্যাংশের মূল পাণ্ডুলিপি অবলম্বনে অসংশোধিত প্রফটির ত্রুটিপূর্ণ অংশগুলো উপযুক্ত নির্দেশিকা চিহ্নসহ উল্লেখ করো :

মূল পাণ্ডুলিপি :

এর নিশ্চিত সাক্ষ্য মিলবে উপন্যাসটির ৫০ সংখ্যক পরিচ্ছেদের শেষাংশে ও ৫১ সংখ্যক পরিচ্ছেদে—কুমু, বিপ্রদাস ও মোতির মা'র কথোপকথনে। কুমু বিপ্রদাসকে বলেছে—

“দাদা তুমি আর কথা কয়ো না। তুমি যাকে মুক্তি বল, যা জ্ঞানের দ্বারা হয়, আমাদের রক্তের মধ্যে তার বাধা। আমরা মানুষকেও জড়িয়ে থাকি, বিশ্বাসকেও; কিছুতেই তার জট ছাড়াতে পারিনে। যতই ঘা খাই ঘুরে ফিরে আটকা পড়ি।”

সমগ্র উপন্যাসে কুমুর চরিত্রে আবহমান সমাজ-চৈতন্যকে ঘিরে এই রক্তের মধ্যকার ‘বাধা’ ও ‘জট’ ছাড়াবার আত্মক্ষয়ী সংগ্রামের শিল্পিতবিন্যাস ফুটে উঠেছে।

অসংশোধিত প্রফ :

রাএ নিশ্চিত সাক্ষ্য মিলবে উপন্যাসটির পঞ্চাশ সংখ্যক পরিচ্ছেদের শেষাংশে ও একাদশ সংখ্যক পরিচ্ছেদে—কুমু, বিপ্রদাস ও ধোতির মায়ের কথোপকথনে। কুমু বিপ্রদাসকে বলেছে,

“দাদা তুমি আর কথা কয়ো না। তুমি যাকে ভক্তি বল, যা জ্ঞানের লোকের হয়, আমাদের রক্তের মধ্যে আমরা মানুষকেও জড়িয়ে থাকি, বিশ্বাসকেও; কিছুতেই তার জট ছাড়াতে পারিনি। যতই ঘা খাই ফিরে আটকা পড়ি।”

সমগ্র উপন্যাসে উমুর চরিত্রে আবহমান সমাজ-চৈতন্যকে ঘিরে এই রক্তের মধ্যকার ‘বাধা’ ও ‘জট’ ছাড়াবার আত্মক্ষয়ী সংগ্রামের শিল্পিত বিন্যাস ফুটে উঠেছে।

(ত্রুটির স্থানগুলো নির্দেশ করে মার্জিনে উপযুক্ত সংশোধনী চিহ্ন দাও।)